দৈনিক ইত্তেফাক

তারিখ 2 1 AUG 1993
পৃষ্ঠা ৩ কলাম ৭

৩২

# দেশে প্রতিবন্ধী শিশুর সংখ্যা ১১ লক্ষ

ইত্তেফাক রিপোর্ট ॥ দেশে প্রতিবন্ধী শিশুদের সংখ্যা ১১ লক্ষ। গত বৃহস্পতিবার প্রতিবন্ধী শিশু পুনর্বাসন কেন্দ্র হাইকেয়ার সোসাইটির এক অনুষ্ঠানে বক্তারা এই তথ্য প্রকাশ করেন। প্রতিবন্ধী শিশুদের শিক্ষা ও স্বাভাবিক জীবন যাপনের উপযুক্ত করিয়া গড়িয়া তুলিবার জন্য ঢাকার বাহিরে উক্ত সোসাইটির ৬টি স্কুল

(৯ম পৃঃ দ্রঃ)

## প্রতিবন্ধী শিশু

(৩য় পৃঃ পর)

রহিয়াছে। সোসাইটির ভাইস চেয়ারম্যান শামসুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সোসাইটির মহাসচিব মেসবাহউদ্দিন জাহিদ, সহকারী মহাসচিব শাহানাজ হামিদ, স্কুল ব্যবস্থাপনা কমিটির মহাসচিব গুলনাহার জামান, কোষাধ্যক্ষ আজিজউল্লাহ ও প্রতিবন্ধী স্কুলের অধ্যক্ষ আবদুস সালাম।

বক্তারা বলেন, প্রতিবন্ধী শিশুরা স্বাভাবিক শিশুদের ন্যায় জীবন যাপন করিতে পারে, এই ব্যাপারে অভিভাবকগণ সচেতন ও যত্নবান হইলে সহজে প্রতিবন্ধী শিশুরা স্বাভাবিক জীবন যাপনে ফিরিয়া আসিতে পারে।

সোসাইটির স্কুলসমূহ হইতে এই পর্যন্ত দুইশত প্রতিবন্ধী শিশু স্বাভাবিক অবস্থায় ফিরিয়া আসার পর তাহারা এখন স্বাভাবিক শিশুদের সঙ্গে লেখাপড়া করিতেছে বলিয়া বক্তাগণ জানান। পরে স্কুল কমিটির সভাপতি আনছার রহমান শিক্ষকদের মধ্যে সনদপত্র বিতরণ করেন।